

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 01-11-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Diwali Kali puja-1**

রাজ্যে দীপাবলি ও শ্যামাপূজার মূল অনুষ্ঠানটি গতকাল শুরু হয় উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দির প্রাঙ্গনে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল সন্ধ্যায় মাতাবাড়িতে তিনদিন ব্যাপী এই উৎসব ও মেলার উদ্বোধন করেন। এর আগে তিনি কল্যাণ সাগরে কল্যাণ আরতিতে অংশ নেন । তাক ঢোলের আওয়াজে উৎসব মুখর হয়ে উঠে ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গন। মাতাবাড়িতে দীপাবলি মেলা ও উৎসবে সন্ধ্যার পর থেকে পুর্ণ্যাথীদের ঢল নামে।

এছাড়া গতকাল কমলাসাগর কসবা কালীবাড়ি, অমরপুরের চান্দিবাড়ি, কুমারঘাটের ভূবনেশ্বরী কালীবাড়িতেও কালীপূজা উপলক্ষে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়েছে।

আকাশে বিভিন্ন আতসবাজির রোশনাই রাজ্যের সর্বত্র এক উৎসব মুখর পরিবেশ তৈরি করেছে। আগরতলা শহরের বিভিন্ন ক্লাব, সংস্থায় সার্বজনীন শ্যামাপূজার আয়োজন করা হয়েছে। তাছাড়া আগরতলার ইন্দ্রনগর কালীবাড়ি, উমামহেশ্বর আনন্দময়ী কালী বাড়ি, কের চৌমুহনী কালীবাড়ি, এডি নগর কালীবাড়ি, এবং দুর্গাবাড়িতে চিরাচরিত প্রথা অনুযায়ী পূজার আয়োজন করা হয়েছে।

---

**Diwali-North Tripura:**

আলোর উৎসব দীপাবলিতে গতকাল মেতে ওঠে গোটা উত্তর জেলাও। জেলা সদর ধর্মনগরে শারদ উৎসবের চেয়ে অধিক

উদ্দীপনায় দীপাবলি পালিত হয়ে থাকে। চলে পাঁচ দিন ধরে। গোটা রাজ্য এমনকি পার্শ্ববর্তী রাজ্য অসমের বরাক উপত্যকা থেকেও প্রতি বছর প্রচুর মানুষ আসে ধর্মনগরে পুজো দেখতে। গতকাল সন্ধ্যার পর থেকে ধর্মনগরের মন্দিপে মন্দিপে দর্শনার্থীদের ঢল নামে। পুলিশ প্রশাসনের পক্ষ থেকে আগামী চারদিন সন্ধ্যার পর থেকে ধর্মনগর শহরে ঘান চলাচলে বিধি নিষেধ জারি করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Dipabali South Tripura:**

দীপাবলি উৎসব ও শ্যামাপূজায় আনন্দে মেতে উঠেছে দক্ষিণ জেলার মানুষও। দীপাবলির রাতে মুহূরীপুরের রাজ রাজেশ্বরী মন্দিরে ২ দিনব্যাপী রাজ রাজেশ্বরী পর্যটন উৎসবের সূচনা করেন সাংসদ বিপ্লব কুমার দেব। এদিকে পিলাক পাকিং জোনেও ২ দিনের দীপাবলি উৎসবের সূচনা করেন সমবায় মন্ত্রী শুঙ্কাচরণ নেয়াতিয়া। বিলোনিয়ার ঘোগমায়া কালীবাড়ি, মতাইয়ের বুড়া কালীবাড়ি, সাবুরুমের দৈত্যশ্বরী কালীবাড়ি, বাইখোড়ার এসএসবি ক্যাম্প, শান্তিরবাজারের ছাত্রবন্ধু সামাজিক সংস্থা সহ প্রতিটি পাড়াতে পাড়াতেই রাতভর শ্যামাপূজা ও দীপাবলির আনন্দে মেতেছেন দর্শনার্থীরা।

\*\*\*\*\*

#### **Rashtriya Ekta Diwas:**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনটি গতকাল রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালন করা হয়। এই উপলক্ষ্যে গতকাল রাজ্য পুলিশের পক্ষ থেকে কে টি ডি সিং পুলিশ ট্রেনিং একাডেমিতে একতা প্যারেড এবং জাতীয় সংহতির উপর শপথ বাক্য পাঠ করানো হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা প্যারেডে অভিবাদন গ্রহণ করে মাঠে উপস্থিত সকলকে শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী রাজ্য পুলিশের

বিভিন্ন কাজের প্রশংসা করেন। তিনি বলেন বর্তমানে রাজ্যের আইনশৃঙ্খলা আগের থেকে অনেক ভালো।

\*\*\*\*\*

#### **PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শুধুমাত্র উন্নয়ন ও বিশ্বাসের এক্যই উন্নত ভারত গঠনে প্রেরণা যোগায়। সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনে গতকাল গুজরাটের কেভাড়িয়ায় আয়োজিত রাষ্ট্রীয় একতা দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, উত্তর-পূর্ব ভারত সন্ত্রাসবাদ ইস্যুতে অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছিল। কিন্তু আলোচনা, বিশ্বাস এবং উন্নয়নের মাধ্যমে বিচ্ছিন্নতাবাদের অবসান ঘটানো হয়েছে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী সর্দার বল্লভ ভাই প্যাটেলের মূর্তিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। পাশাপাশি তিনি কেভাড়িয়ার প্যারেড গ্রাউন্ডে একতা দিবসের প্যারেডে যোগ দেন।

\*\*\*\*\*

#### **NE , Rail :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং-বদরপুর হিল সেকশনে গতকাল বিকেলে মালবাহী গাড়ির একটি বগি লাইনচুয়ত হবার ফলে এই অঞ্চলের রেল চলাচল বিপ্লিত হয়ে পড়ে।

খাদ্য সামগ্রীবাহিত এই ট্রেনটি লাইনচুয়ত হয়েছে এই সেকশনের মুবা-র কাছে দুই নম্বর রেল টানেলের ভেতর। বরিষ্ঠ রেল আধিকারিকরা ঘটনাস্থলে ছুটে গেছেন। মেরামত ও সুরক্ষার কাজ অতি দ্রুত শেষ করার চেষ্টা চলছে বলে রেল সুত্রে জানা গেছে। এর ফলে ত্রিপুরা ও অসমের সংশ্লিষ্ট এলাকার বেশ কিছু ট্রেন হয় সম্পূর্ণ বাতিল অথবা আংশিকভাবে বাতিল করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Noise Pollution:**

দীপাবলিতে শব্দ দূষণ পরিমাপের জন্য ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের দুটি মনিটরিং টিম গতকাল আগরতলা শহরের বিভিন্ন জায়গায় সন্ধ্যা ছাঁটা থেকে সাউন্ড লেভেল মনিটরিং-এর কাজ পর্যবেক্ষণ শুরু করে। তা চলে রাত ১২টা পর্যন্ত। উদয়পুর এবং কুমারঘাটেও রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এই পর্যবেক্ষণ করছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজকের আকাশ সাধারনত মেঘলা থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে দু' এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*